

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৭৬-আইন/২০২৬/৩১/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড এর সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ২০ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১১৭-আইন/২০২৬/০৩/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “৫ টন বা তদূর্ধ্ব” সংখ্যা ও শব্দগুলির পরিবর্তে “১০ টন বা তদূর্ধ্ব” সংখ্যা বা শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) দফা ২ এ উল্লিখিত “৩০ জুন, ২০২৬ তারিখ” সংখ্যাগুলি, কমা ও শব্দগুলির পরিবর্তে “৩০ জুন, ২০৩০ তারিখ” সংখ্যাগুলি, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।